



মো: মাকরুজ্জামান  
উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েব সাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “ভারতীয় পর্যটন জাহাজ MV Ganga Villas ও পর্যটকদের মোংলা বন্দরে অভ্যর্থনা”

অদ্য ০৪, ২০২৩ খ্রি: তারিখ বেলা ০২:০০ ঘটিকায় ভারতীয় পর্যটন জাহাজ MV Ganga Villas ৩০ জন পর্যটকসহ মোংলা বন্দরে ০৭ নম্বর জেটিতে নোঙর করে বিলাসবহুল পাঁচ তারকা মানের এ জাহাজ। মোংলা বন্দর জেটিতে প্রমোদতরী ও বিদেশী পর্যটকদের অভ্যর্থনার সকল আয়োজন করেন মোংলা বন্দর কর্তৃপক্ষ। উক্ত অভ্যর্থনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা ও অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী। এছাড়াও উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মো: মোস্তফা কামাল, বিআইডব্লিউটিএ এর চেয়ারম্যান কমডোর গোলাম সাদেকসহ নৌপরিবহন মন্ত্রণালয় ও মোংলা বন্দরের উর্ধ্বতন কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাগণ। MV Ganga Villas মোংলা বন্দরে অবস্থানকালে পর্যটকদের নির্বিঘ্ন, নিরাপদ চলাচল ও নিরাপত্তায় যাত্রীদের অভ্যর্থনাসহ সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন মোংলা বন্দর কর্তৃপক্ষ। সম্প্রতি মোংলা বন্দরের মাধ্যমে ভারতের সাথে পণ্য পরিবহন শুরু হয়েছে। এ কার্যক্রমের মাধ্যমে আমাদের বন্ধুপ্রতিমদেশের সঙ্গে বন্ধুত্ব ও অর্থনৈতিক সম্পর্ক আরও জোরদার হচ্ছে বলে মনে করেন সংশ্লিষ্টরা।

স্বাক্ষরিত/-  
মো: মাকরুজ্জামান  
উপসচিব